# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি কোম্পানি)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.boesl.gov.bd

নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০০১.২৩-৩৭ তারিখ: ১৫.০২.২০২৪

## ইপিএস কর্মসূচির আওতায় দক্ষিণ কোরিয়ায় কর্মী নির্বাচনের লক্ষ্যে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণে অনলাইন চূড়ান্ত নিবন্ধন-২০২৪ (কোরিয়ান ভাষা পারদর্শী) সংক্রান্ত নোটিশ (১১তম বিদেশি শ্রমিক নিয়োগের পয়েন্ট সিস্টেম)

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরিয়া প্রজাতন্ত্র-এর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির ভিত্তিতে এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস) কর্মসূচির বাস্তবায়ন করা হয়। ইপিএস কর্মসূচির আওতায় দক্ষিণ কোরিয়ার উৎপাদন শিল্প, জাহাজ নির্মাণ শিল্প, কনস্ট্রাকশন ও মৎস্য (সমুদ্র ও উপকূলবর্তী) খাতে বাংলাদেশি প্রার্থীদের চাকরির লক্ষ্যে দক্ষিণ কোরিয়ার নির্ধারিত জব রোস্টারে অন্তর্ভুক্তির জন্য কোরিয়ান ভাষা পরীক্ষায় (ইউবিটি) অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত নিবন্ধন সাইট eps.boesl.gov.bd অনলাইন নিবন্ধন সম্পন্ন করা যাবে:

**২। নিবন্ধনের ধাপ:** এইচআরডি কোরিয়ার চাহিদা মোতাবেক মোট ৪৩,০৫২ (তেতাল্লিশ হাজার বায়ান্ন) জন প্রার্থী নিম্নবর্ণিত দুই ধাপে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন:

২.১। কোরিয়ান ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে (আগে আসলে আগে পাবেন ভিত্তিতে) ৩০,৬৫২ জন (উৎপাদন শিল্প-১৭৪৬০, মৎস্য-৭৭৬০ ও কনস্ট্রাকশন- ৪২৬৮ এবং জাহাজ নির্মাণ-১১৬৪);

২.২। লটারি পদ্ধতিতে ১২,৪০০ জন (উৎপাদন শিল্প)।

২.৩। প্রার্থীরা যেকোনো একটি ধাপে আবেদন করতে পারবে।

২.৪। কোনো প্রার্থী দুই ধাপে আবেদন করলে তার নিবন্ধন বাতিল বলে গণ্য হবে।

**৩। অংশগ্রহণের যোগ্যতা**

৩.১। কোরিয়ান ভাষা পড়া, লেখা ও বোঝার পারদর্শিতা থাকতে হবে;

৩.২। শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান;

৩.৩। বয়স সীমা ১৮ থেকে ৩৯ বছর (জন্ম তারিখ ফেব্রুয়ারি ২০, ১৯৮৪ থেকে ফেব্রুয়ারি ১৯, ২০০৬ এর মধ্যে হতে হবে);

৩.৪। পাসপোর্ট-এর মেয়াদ ২০ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত হালনাগাদ থাকা সাপেক্ষে;

৩.৫। পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রের তথ্যের সঙ্গে নাম ও জন্ম তারিখ এবং ছবির মিল থাকতে হবে;

৩.৬। 3D (Dirty, Difficult and Dangerous) কাজ করার আগ্রহ থাকতে হবে;

৩.৭। উৎপাদন শিল্প, জাহাজ নির্মাণ, কনস্ট্রাকশন ও মৎস্য খাতে প্রশিক্ষণসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৩.৮। কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা মুক্ত হতে হবে;

৩.৯। পোশাক-পরিচ্ছদ, আচার-আচরণ ও কথোপকথনে মার্জিত হতে হবে;

৩.১০। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

৩.১১। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তিপ্রাপ্ত ব্যক্তিরা অযোগ্য বলে বিবেচিত হবেন;

৩.১২। দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;

৩.১৩। দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন এবং

৩.১৪। ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন।

**৪। কোরিয়ান ভাষা পারদর্শীতে অংশগ্রহণ প্রার্থীর বিবরণ:**

৪.১। যারা সিবিটি/ইউবিটি ২০২২ ও ২০২৩-এ কাংঙ্খিত নম্বর পেয়েও চূড়ান্ত পর্যায়ে নির্বাচিত হতে পারেননি;

৪.২। যারা টিটিসিসহ সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ কেন্দ্রে কোরিয়ান ভাষা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

**বি. দ্র: ৩ ও ৪ নং ক্রমিকে বর্ণিত শর্ত বহির্ভূত কেউ আবেদন করলে তার নিবন্ধন বাতিল বলে গণ্য হবে।**

**৫। প্রার্থী বাছাই প্রক্রিয়া**

৫.১। প্রথম রাউন্ড পরীক্ষা (ইউবিটি)

৫.২। দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট)

৫.৩। প্রাপ্ত স্কোর মূল্যায়ন।

## ৬। নিবন্ধন প্রক্রিয়া

### ৬.১। কোরীয় ভাষা পারদর্শীদের বিশেষ পদ্ধতিতে ৩০,৬৫২ জন

৬.১.১। কোরিয়ান ভাষা পরীক্ষা (ইউবিটি)-এ অংশগ্রহণের লক্ষ্যে কোরীয় ভাষা পারদর্শী এবং উপরে বর্ণিত ৩ ও ৪ উল্লিখিত শর্তাবলী পূরণকারী আগ্রহী প্রার্থীগণকে আগামী ২০ ফেব্রুয়ারি সকাল ১০টা হতে ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৪টা এর মধ্যে আগে আসলে আগে পাবেন (first come first served) ভিত্তিতে নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য (যেমন নাম, জন্ম তারিখ, পাসপোর্ট নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, পিতা ও মাতার নাম, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর এবং কোরীয় ভাষা প্রশিক্ষণের ন্যূনতম ১২০ ঘণ্টার সনদ-এর কপি, শিপবিল্ডিং ও নির্মাণ খাতে নির্ধারিত প্রশিক্ষণ ও ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতার সনদ-এর কপি, রঙিন পরিস্কার পাসপোর্ট কপি, ব্যকগ্রাউন্ড সাদা রঙিন পরিস্কার ছবি, নিজস্ব মোবাইল নম্বর ও ইমেইলসহ প্রয়োজনীয় তথ্য) পূরণপূর্বক প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। উৎপাদন ও মৎস্য শিল্পে প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদ আপাতত প্রয়োজন নেই। তবে চূড়ান্তভাবে উত্তীর্ণদের রোস্টারের সময় ন্যূনতম ৩ মাসের উৎপাদন ও মৎস্য শিল্পে প্রশিক্ষণ এবং ন্যূনতম ৬ মাসের বাস্তব অভিজ্ঞতার সনদ বোয়েসেলে দাখিল করতে হবে।

৬.১.২। নির্ধারিত ৩০,৬৫২ জন (উৎপাদন-১৭৪৬০, মৎস্য-৭৭৬০, জাহাজ নির্মাণ-১১৬৪ ও কনস্ট্রাকশন-৪২৬৮) প্রার্থীর চূড়ান্ত নিবন্ধনের লক্ষ্যে ২০% বৃদ্ধি হারে ৩৬,৭৮২ (ছত্রিশ হাজার সাতশ বিরাশি) জন (উৎপাদন-২০৯৫২, মৎস্য-৯৩১২, জাহাজ নির্মাণ-১৩৯৭ ও কনস্ট্রাকশন-৫১২২) প্রার্থী প্রাথমিক নিবন্ধন সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন সাইট বন্ধ হয়ে যাবে। তবে যদি একই সাথে (in parallel) একাধিক প্রার্থী শেষ ব্যক্তি হিসেবে আবেদন সম্পন্ন করেন, তবে তাদের সকলকেই প্রাথমিক নিবন্ধন এর সুযোগ দেয়া হবে। প্রাথমিক নিবন্ধন সুষ্ঠুভাবে সম্পন্ন করলে প্রার্থী একটি Submission ID পাবেন যার ফরম্যাট নিম্নরূপঃ 240000001। Submission ID এর শেষের ৫ ডিজিট দ্বারা প্রাথমিক নিবন্ধিত প্রার্থীর ক্রমিক বোঝা যাবে।

৬.১.৩। প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের মধ্য হতে প্রথম ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জন প্রার্থী (Submission ID 240000001 থেকে 240030652) চূড়ান্ত নিবন্ধনের লক্ষ্যে আগামী ২০ ফেব্রুয়ারি সকাল ১০ টায় হতে ২১ ফেব্রুয়ারি সকাল ১১ টার মধ্যে আগে আসলে আগে পাবেন (first come first served) ভিত্তিতে এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ফি স্কিলটেস্টসহ ২৮ মার্কিন ডলার সমপরিমাণ ৩২২০/- (তিন হাজার দুইশ বিশ) টাকা + অনলাইন ফি ৫০০/- (পাঁচশ) টাকা মোট ৩,৭২০/- (তিন হাজার সাতশ বিশ) টাকা + বিকাশ চার্জ ৪২.৭৮ (বিয়াল্লিশ টাকা আটাত্তর পয়সা) অফেরতযোগ্য বিকাশ অ্যাপ-এর মাধ্যমে প্রদান সাপেক্ষে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করে কোরিয়ান ভাষা পরীক্ষার প্রবেশপত্র গ্রহণ করতে হবে। শুধুমাত্র প্রথম ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জন প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের জন্য প্রযোজ্য একজন প্রার্থী প্রাথমিক নিবন্ধন করার পর তার আবেদনটি কিছু প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে। ফলে, প্রাথমিক নিবন্ধনের ৫-১০ মিনিট পর প্রার্থী ফি প্রদান করতে পারবেন।

৬.১.৪। উপরে বর্ণিত সময়ের মধ্যে উল্লেখিত (ক্রমানুসারে প্রথম) ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জন প্রার্থীর মধ্যে যদি কেউ চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন না করেন, তবে তার প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে। বর্ণিতাবস্থায়, ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জনের কোটা পূর্ণ করার লক্ষ্যে Submission ID এর পরবর্তী ক্রমানুসারে প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের চূড়ান্ত নিবন্ধনের জন্য নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে সুযোগ দেয়া হবে। এক্ষেত্রে পরবর্তী ক্রমানুসারে কারা সুযোগ পাবেন সেই তালিকা (Submission ID এর ক্রমানুসারে) এবং কতক্ষণের মধ্যে এই সুযোগ গ্রহণ করে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে তা বোয়েসেল-এর ফেইসবুক পেইজ- https://www.facebook.com/boesl.gov.bd এর মাধ্যমে জানা যাবে অর্থাৎ প্রদত্ত নির্দিষ্ট সময়ের মধ্যে তালিকাভুক্ত একজন প্রাথমিক নিবন্ধিত প্রার্থী যদি চূড়ান্ত নিবন্ধন না করেন, তবে তার প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে এবং ক্রমানুসারে প্রাথমিক নিবন্ধিত প্রার্থীকে সুযোগ দেয়া হবে (পরবর্তী তালিকা ও সময় প্রকাশের মাধ্যমে)। সুতরাং প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের মধ্যে যারা প্রথম ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জন প্রার্থীর বাইরে, তাদেরকে সার্বক্ষণিক বোয়েসেল-এর ফেইসবুক পেইজ ফলো করতে হবে। প্রাথমিক নিবন্ধিত সকল প্রার্থীকে তাদের Submission ID সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৬.১.৫। নির্ধারিত সময়ে ৩০,৬৫২ (ত্রিশ হাজার ছয়শ বায়ান্ন) জন প্রার্থী চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে চূড়ান্ত নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

৬.১.৬। কোনো প্রার্থী অনলাইন নিবন্ধনের সময় পাসপোর্ট নম্বরসহ অন্যান্য তথ্য ভুল দিলে বা ভুল হলে এবং নির্ধারিত প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের পরিস্কার কপি, পরিস্কার পাসপোর্ট কপি ও ব্যকগ্রাউন্ড সাদা পরিস্কার ছবি না দিলে প্রবেশপত্র প্রাপ্তি সাপেক্ষেও চূড়ান্ত নিবন্ধন বাতিল বলে গণ্য হবে এবং প্রেরিত নিবন্ধন ফি বাজেয়াপ্ত হবে। এক্ষেত্রে কোনো ধরণের সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য নয়। সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সহিত নিবন্ধন সম্পন্ন

করার পরামর্শ দেয়া হলো।

৬.১.৭। প্রয়োজনে মেইনটেন্যান্সের জন্য রাত ১২ টার পর এক ঘণ্টা নিবন্ধন কার্যক্রম বন্ধ থাকতে পারে।

**শর্তসমূহ:**

- উক্ত প্রার্থীদের কোরিয়ান ভাষা পরীক্ষায় দুই ধাপে সম্পন্ন হবে- (ক) ১ম ধাপ শুরু হবে ১১ মার্চ হতে ২২ মে ২০২৪ তারিখ এবং (খ) ২য় ধাপ শুরু হবে ২৭ মে হতে  ২১ জুন ২০২৪ তারিখ।
- কোরীয় ভাষা শিক্ষা সনদ-এর বৈধতার মেয়াদ (ন্যূনতম ১২০ ঘণ্টা) ইস্যু থেকে ৫ বৎসর। উক্ত সনদের স্ক্যান কপি আপলোড করতে হবে। আরা যারা সিবিটি/ইউবিটি ২০২২ ও ২০২৩-এ কাংঙ্খিত নম্বর পেয়েও চূড়ান্ত পর্যায়ে নির্বাচিত হতে পারেননি, তাদের মার্কশীটের স্ক্রীনশট কপি আপলোড করতে হবে।
- নিবন্ধনকালীন উৎপাদন ও মৎস্য শিল্পে অভিজ্ঞতার সনদ প্রয়োজন নেই। তবে চূড়ান্তভাবে উত্তীর্ণদের রোস্টারের সময় ন্যূনতম ৬ মাসের বাস্তব অভিজ্ঞতার সনদ বোয়েসেলে দাখিল করতে হবে।
- উৎপাদন ও মৎস্য শিল্পে প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদ আপাতত প্রয়োজন নেই। তবে চূড়ান্তভাবে উত্তীর্ণদের রোস্টারের সময় ন্যূনতম ৩ মাসের উৎপাদন ও মৎস্য শিল্পে প্রশিক্ষণ এবং ন্যূনতম ৬ মাসের বাস্তব অভিজ্ঞতার সনদ বোয়েসেলে দাখিল করতে হবে।
- জাল/ভুয়া কোরিয়ান ভাষা শিক্ষা সনদ, ট্রেড ভিত্তিক প্রশিক্ষক সনদ প্রদানকারী ও ব্যবহারকারীকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আগামী ৫ বৎসর নিবন্ধন কার্যক্রমে যুক্ত থাকতে পারবে না মর্মে কালো তালিকাভুক্ত করা হবে।
- জাল/ভুয়া কোরিয়ান ভাষা শিক্ষা সনদ প্রদানকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদেরকে ভবিষ্যতে নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না এবং জাল/ভুয়া কোরিয়ান ভাষা শিক্ষা সনদ প্রদানকারী শনাক্ত প্রতিষ্ঠানের নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী যোগ্যতা থাকা সত্ত্বেও মানসম্পন্ন কোরিয়ান ভাষা প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে বোয়েসেল-এর অনুকূলে তালিকাভুক্তি করা হবে না।

৬.২। **লটারি পদ্ধতিতে ১২৪০০ জন:**

৬.২.১। কোরিয়ান ভাষা পরীক্ষায় (ইউবিটি)-এ অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণ আগামী ৪ হতে ৫ মার্চ ২০২৪ তারিখ নির্ধারিত নিবন্ধন সাইটে চাহিত তথ্য পূরণপূর্বক নির্ধারিত নিবন্ধন ফি ৫০০/- (পাঁচশ) টাকা (অফেরতযোগ্য) প্রদান সাপেক্ষে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর নিবন্ধন সাইট স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। উক্ত প্রার্থীদের কোরিয়ান ভাষা পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৭ মে হতে ২১ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ।

৬.২.২। নির্ধারিত ১২৪০০ জন প্রার্থী হতে নিবন্ধনকৃত প্রার্থীর সংখ্যা বেশি হলে এইচআরডি কোরিয়া কর্তৃক লটারির মাধ্যমে কোরীয় ভাষা পরীক্ষায় (ইউবিটি)তে অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থী নির্বাচন করা হবে।

৬.৩। লটারি সংক্রান্ত কার্যক্রম বোয়েসেল কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে এবং লটারির তারিখ সংক্রান্ত নোটিশ বোয়েসেল এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচার করা হবে।

৬.৩.১। আগ্রহী প্রার্থীগণ স্বেচ্ছায় লটারির সময় উপস্থিত থাকতে পারেন।

৬.৩.২। লটারিতে উত্তীর্ণ প্রার্থীদের এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ২৮ মার্কিন ডলার সমপরিমাণ অর্থ প্রদানপূর্বক কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৭। চূড়ান্ত নিবন্ধনকারী অর্থাৎ প্রবেশপত্র গ্রহণকারী প্রার্থীদের ব্যক্তিভিত্তিক পরীক্ষায় আগামী ১১ মার্চ হতে ২২ মে ২০২৪ তারিখ-এ প্রবাসী কল্যাণ ভবন এর নির্ধারিত ইউবিটি হলে অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত নোটিশ এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্তি সাপেক্ষে আগামী ৬ মার্চ ২০২৪ তারিখ বোয়েসেল ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচার করা হবে।

৮। কম্পিটেন্সি টেস্ট ৩ হতে ৭ জুন ২০২৪ তারিখ ও স্কিল টেস্ট ১৯ জুন হতে ১ জুলাই ২০২৪ তারিখ এবং চূড়ান্ত ফলাফল ঘোষণার সম্ভাব্য তারিখ ২৪ জুলাই ২০২৪ ।

৯। দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট): প্রথম রাউন্ডে কোরিয়ান ভাষা পরীক্ষায় যারা ১১০ পেয়ে উত্তীর্ণ হয়ে কালার ব্লাইন্ড টেস্টে উত্তীর্ণ হলে কেবল তারাই স্কিল টেস্টের জন্য নির্ধারিত স্থানে ২য় রাউন্ড পরীক্ষার জন্য উপস্থিত থাকতে পারবেন। স্কিল টেস্টের ধরণ শারীরিক সক্ষমতাসহ প্রয়োজনীয় টেস্ট।

১০। কম্পিটেন্সি টেস্ট (সংশ্লিষ্ট ব্যক্তির জন্য):

| শ্রেণী | অতিরিক্ত পয়েন্ট বিবরণ | |
|---|---|---|
| কর্মদক্ষতা | ১ বছরের উর্ধ্বে (সর্বোচ্চ ৫ পয়েন্ট) | |
| অন্যান্য যোগ্যতা | এক বা একাধিক (সর্বোচ্চ ২ পয়েন্ট) | |
| প্রশিক্ষণ | সর্বোচ্চ ২০০ ঘণ্টা | সর্বোচ্চ ৩ পয়েন্ট |
| শিক্ষাগত যোগ্যতা | সর্বনিম্ন ডিগ্রী/সমমান | |

১১। **ইন্ডাস্ট্রি ও সাবক্যাটাগরি**

প্রত্যেক প্রার্থীকে অবশ্যই প্রত্যাশিত চাকরির জন্য একটি ইন্ডাস্ট্রি ও একটি সাব-ক্যাটাগরি পছন্দ করতে হবে, যা পরবর্তী তে আর পরিবর্তন করা যাবে না:

| ক্র. নং | ইন্ডাস্ট্রি | সাব-ক্যাটাগরি | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উৎপাদন শিল্প | 1) Assembly<br>2) Measurement | 3D কাজের আগ্রহসহ বর্ণিত ক্যাটাগরিতে প্রশিক্ষণসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | মৎস্য শিল্প | 1) Sea Farming<br>2) In and Off-Shore Fishery | সমুদ্র ও উপকূলবর্তী স্থানে কাজ করার মানসিকতা, সাঁতার জানাসহ বর্ণিত ক্যাটাগরিতে প্রশিক্ষণসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | নির্মাণ শিল্প | 1) Rebar<br>2) Carpentry | রাস্তাঘাট, সেতু, বাঁধ ও দালানকোঠা ইত্যাদি নির্মাণ কাজ করার মানসিকতা ও বর্ণিত ক্যাটাগরিতে প্রশিক্ষণসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | শিপবিল্ডিং নির্মাণ শিল্প | 1) Scaffold 2) Insulation 3) Grinder 4) Welding and fit-up (tack welding) | জাহাজ নির্মাণ কাজে ভিতর ও বাহিরে কাজ করার করার মানসিকতা ও বর্ণিত ক্যাটাগরিতে প্রশিক্ষণসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**১২। উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা:** এইচআরডি কোরিয়া কর্তৃক পরবর্তীতে ঘোষণা করা হবে।

- পূর্ণমান ২০০ মধ্যে ১১০ নম্বরের বেশি প্রাপ্তদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরের ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ বলে ঘোষণা করা হবে।
- এ পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিরাই শুধু ইপিএস-এর অধীনে চাকরির আবেদনপত্র জমা দিতে পারবে।

**১৩। পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থীর তারিখ ঘোষণা:**

- **পরীক্ষা কেন্দ্র:**ইপিএস-টপিক সিবিটি সেন্টার
- **ঠিকানা:** M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ (বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত সেখানে বামদিকের লিফ্টে M ফ্লোর, ৬ ও ৭ তলার মাঝে)
- ইপিএস টপিক ওয়েবসাইট (http://www.epstopik.hrdkorea.or.kr)
- বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.boesl.gov.bd)

**১৪। পরীক্ষার নম্বর:**

| প্রশ্নের ধরণ | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| রিডিং | ২০ | ১০০ | ২৫মিনিট |
| লিসেনিং | ২০ | ১০০ | ২৫মিনিট |
| মোট | ৪০ | ২০০ | ৫০মিনিট |

**১৫। পরীক্ষার সেশন:**

| সেশন | পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম) | পরীক্ষার্থীর প্রশিক্ষণ | পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | | | রিডিং (২৫মিনিট) | লিসেনিং (২৫মিনিট) |
| ১ম সেশন | 08:30~09:30 | 09:30~10:00 | 10:00~10:25 | 10:25~10:50 |
| ২য় সেশন | 10:00~11:00 | 11:00~11:30 | 11:30~11:55 | 11:55~12:20 |
| ৩য় সেশন | 12:30~13:30 | 13:30~14:00 | 14:00~14:25 | 14:25~14:50 |
| ৪র্থ সেশন | 14:00~15:00 | 15:00~15:30 | 15:30~15:55 | 15:55~16:20 |

- **প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন 09:30, ২য় সেশন 11:00, ৩য় সেশন 13:30, ৪র্থ সেশন 15:00 টা পর্যন্ত)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।**

- প্রশ্ন তৈরি, নম্বর বন্টন এবং পাশের মানদন্ড
  - মাল্টিপল চয়েস কোশশান (এম সি কিউ)

- কোন বিরতি ছাড়া রিডিং ও লিসেনিং পার্ট অনুষ্ঠিত হবে

- সকল প্রশ্ন এইচআরডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "ইপিএস টপিক স্ট্যান্ডার্ড টেক্সটবুক" এর ভিত্তিতে অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে করা হবে।
- পরীক্ষার দিন যা থাকতে হবে
    - প্রবেশপত্র
    - মূল পাসপোর্ট
- নিবন্ধনের সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল তা অবশ্যই সঙ্গে থাকতে হবে। ফটোকপি গ্রহণযোগ্য নয়।

**১৬। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা**

- ঘোষণার তারিখ: পরীক্ষার দিন জানানো হবে।
- ঘোষণার পদ্ধতি:
    - ইপিএস হোমপেইজ (www.eps.go.kr)
    - বোয়েসেল হোমপেইজ (www.boesl.gov.bd)এবং বোয়েসেল এর নোটিশ বোর্ড।
    - ইপিএসটপিক হোমপেইজ (epstopik.hrdkorea.or.kr)
- পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ফলাফল ঘোষণার দিন থেকে ২ বছর

**১৭।** নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে তালিকা অন্তর্ভুক্ত কোনো প্রার্থী নিবন্ধন সম্পন্ন করতে ব্যর্থ হলে এ বছর আর নিবন্ধন করার সুযোগ থাকবে না। এক্ষেত্রে কোনো ধরণের সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য নয়।

**১৮।** নির্ধারিত কোটা পূরণের লক্ষ্যে বিগত দিনে দক্ষিণ কোরিয়ায় অবস্থানরত ইপিএস কর্মীদের চাকরি পরিবর্তনের হার পর্যালোচনা সাপেক্ষে যেসব জেলার ইপিএস কর্মীদের তুচ্ছ বিষয়ে চাকরি পরিবর্তনের হার বেশি, ঐসব জেলার ক্ষেত্রে কোনো প্রার্থীকে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না দেওয়ার বিষয়টি পরবর্তী নিবন্ধন থেকে বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে। উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও সতর্ক হওয়ার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা আবশ্যক।

**১৯।** নিবন্ধনকালীন কোনো প্রার্থী সমস্যা/ জটিলতার সম্মুখীন হলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/DPihKbnugRUjAm2X8 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে তাৎক্ষণিকভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস বা ইমেইলে পরামর্শ দেয়া হবে।

**২০।** নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কোনো ব্যক্তি বা প্রাতিষ্ঠানের বিরুদ্ধে গ্রহণযোগ্য অভিযোগ থাকলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/BkNGTrrNzX7HHPit9 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২১। অন্যান্য গাইডলাইন**

- কোন পরীক্ষার্থী স্বেচ্ছায় কোরিয়া ত্যাগকারী নয় বলে প্রমাণিত হলে তার পরীক্ষার ফলাফল বাতিল বলে ধরে নেয়া হবে এবং এ ব্যাপারে সকল দায়-দ্বায়িত্ব পরীক্ষার্থীর উপর বর্তাবে।
- উত্তীর্ণ ব্যক্তিদের প্রি-রোস্টার তৈরি, রোস্টার অনুমোদন, চাকরি খোঁজার প্রক্রিয়া ইত্যাদি এইচআরডি কোরিয়ার চাহিদা মোতাবেক সম্পন্ন হবে।
- মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার PDA, MP3, ডিজিটাল অভিধান, ডিজিটাল ঘড়ি, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)। **সুতরাং এ সব দ্রব্যসমূহ পরীক্ষার দিন সাথে নিয়ে আসা থেকে বিরত জন্য থাকার অনুরোধ করা যাচ্ছে।**
- অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ৩ বছরের জন্য ইউবিটি'তে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।
- নিবন্ধন ফর্মে উল্লিখিত তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না এবং এ ব্যাপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে।
- অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে প্রশ্ন করা হবে, এইচ আর ডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "দ্য স্ট্যান্ডার্ড টেক্সটবুক ফর ইপিএস-টপিক" এর ভিত্তিতে প্রশ্নপত্র প্রস্তুত করা হবে

**স্ট্যান্ডার্ড টেক্সট বুকটি নিম্নের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে**

| Section | Contents | Address of webpage |
|---|---|---|
| Google Drive | Textbook file (PDF, Sound | https://docs.google.com/uc?id=1RjJhGvJNSVgpn72zXVPr1iEATyRgWKke&export=download&authuser=2 |

| | source) | https://docs.google.com/uc?id=1aVmVBqMAjXTflTgJfRwDVWqKR6899NRm&export=download&authuser=2 |
|---|---|---|

- ইপিএস টপিকে উত্তীর্ণতা শুধু মাত্র জব অ্যাপ্লিকেশন করার যোগ্যতাকে নিশ্চিত করে, কোরিয়ায় চাকরির নিশ্চয়তা বহন করে না।
- অধিকন্তু যে সব ব্যক্তি মেডিক্যাল টেস্টে অনুত্তীর্ণ হবে এবং কোরিয়ায় অবৈধ থাকার অভিজ্ঞতা আছে অথবা ই-৯ নির্ণায়কে পড়ে না, তারা কোরিয়ায় চাকরি পাবে না।
- দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ টেস্ট'এ পজিটিভ হলে কোরিয়া থেকে ফেরত পাঠানো হবে।
- বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সঙ্গে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালর-এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক প্রেরণ করতে পারবে। ইপিএস-টপিক'এ উত্তীর্ণ হওয়ার পর যাদের জব রোস্টার কোরিয়ান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে তাদের মধ্য থেকেই কোরিয়ান শিল্প মালিকরা শ্রমিক নিয়োগ দিতে পারবে। অন্য কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- ইপিএস টপিক সিবিটি'র নিবন্ধন ও পরীক্ষার ফি'র পর কোরিয়ায় প্রবেশ পর্যন্ত যে ব্যয় হবে তা বৈধ প্রেরণ ব্যয় হিসেবে বোয়েসেল-এর হোম পেইজে প্রকাশিত থাকবে। সুতরাং কোরিয়ায় পাঠানোর নামে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির প্রতারণা থেকে সাবধান থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সাবধান করা হলো।

**কোম্পানি সচিব**
**বোয়েসেল।**

অনলাইন প্রাথমিক নিবন্ধন (লটারি) পদ্ধতিতে বিকাশের মাধ্যমে নিবন্ধন ফি প্রদানের পদ্ধতি। এক্ষেত্রে প্রথমে এই পদ্ধতিতে ফি প্রদান করে নিবন্ধন সাইটে বিকাশের Transaction ID দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে হবে:



বোয়েসেল (BOESL)পেমেন্ট বিকাশ কিভাবে করবেন?

অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেনঃ

1. বিকাশ অ্যাপ থেকে **আরো দেখুন** ট্যাপ করে **এডুকেশন ফি** সিলেক্ট করুন
2. **ট্রেনিং** ট্যাপ করে **BOESL** সিলেক্ট করুন
3. আপনার সঠিক **পাসপোর্ট নাম্বার** দিন এবং পরবর্তী ধাপে যান
4. আপনার পেমেন্ট-এর তথ্য যাচাই করে পরবর্তী ধাপে যান
5. আপনার বিকাশ একাউন্টের পিন নাম্বার দিন
6. পেমেন্ট সম্পন্ন করতে স্ক্রিনের নিচের অংশ ট্যাপ করে ধরে রাখুন
7. পেমেন্ট দেয়া সম্পন্ন হলে কনফার্মেশন পাবেন
8. অ্যাপে দেখে নিতে পারেন পেমেন্টের ডিজিটাল রিসিট

**কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে অনলাইন নিবন্ধনে যে ছবি ব্যবহার করা হয়, উক্ত ছবি দ্বারা এইচআরডি কোরিয়ার সার্ভারে চূড়ান্ত নিবন্ধন করা হয়। প্রার্থী কোরীয় ভাষা পরীক্ষায় উত্তীর্ণ হলে জব রোস্টার ও ভিসা প্রক্রিয়াতে উক্ত ছবি থেকে যায়। এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত কোন্ ছবি সঠিক এবং কোন্ ছবি বাতিল তা নিম্নে উল্লেখ করা হলো। উক্ত নিয়ম অনুসরণ না করে ছবি প্রদান করলে ভিসা প্রক্রিয়ার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হলে এর দায়ভার প্রার্থীর উপর বর্তাবে। ফলে সংশ্লিষ্ট সকলকে অনলাইন নিবন্ধনকালীন নিম্নবর্ণিত ফরমেট অনুযায়ী সঠিক ছবি প্রদানের পরামর্শ দেয়া হলো:**



| চাহিত পাসপোর্ট কপির নমুনা | ছবির নমুনা |
| --- | --- |
|   |  |

**নমুনা অনুযায়ী গ্রহণযোগ্য ছবি ও পাসপোর্ট তৈরির গাইডলাইন সংযুক্ত লিংক থেকে জানা যাবে।**

**অগ্রহণযোগ্য ছবির নমুনা**



**অগ্রহণযোগ্য পাসপোর্টের নমুনা**

